দৈনিক খবর

তারিখ 29 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

106

# বিশ্ববিদ্যালয়ে ক্লাস চালুর দাবীতে স্মারকলিপি পেশ

।।বিশ্ববিদ্যালয়রিপোর্টার।।

বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ চালু রেখে সন্ত্রাস বিরোধী পদক্ষেপ গ্রহণ করার দাবীসহ ৩ দফা দাবীতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় সাধারণ ছাত্র–ছাত্রী পরিষদ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কাছে স্মারকলিপি পেশ করেছে। সাধারণ ছাত্র–ছাত্রীদের পক্ষে স্মারকলিপি দানের সময় উপস্থিত ছিলেন ইস্তেকমাল হোসেন দীপু, তোফায়েল আহমেদ, তৌফিকুল হক ও রাহেল আহমেদ।

স্মারকলিপি পেশের পর ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আনোয়ারুল্লাহ চৌধুরী শীঘ্রই ক্লাস শুরুর আশ্বাস দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলমান অবস্থা ও শিক্ষকদের কর্মবিরতির ব্যাপারে আজ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক সাংবাদিক সম্মেলন বিকেল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত হবে।